



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল  
www. barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/হিসাব/৫২/১৪


তারিখঃ ২৫/০৯/২০২২খ্রি.

**SSC-2022 Examiner's Bill Database আপডেটকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত এসএসসি-২০২২ পরীক্ষায় সম্মানিত প্রধান পরীক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসএসসি-২০২২ পরীক্ষার অন-লাইন বিল প্রস্তুতের জন্য অন-লাইন প্যানেল Open রয়েছে। সম্মানিত প্রধান পরীক্ষকদেরকে বরিশাল বোর্ডের ওয়েবসাইটে (www.barisalboard.gov.bd) প্রবেশ করে Penel Link থেকে SSC-2022 Head Examiner Bill Form এ ক্লিক করতে হবে। পরবর্তীতে আইডি ও পাসওয়ার্ড (Capital letter) দিয়ে প্যানেলে প্রবেশ করে বিল প্রস্তুত করবেন এবং সবশেষে সাবমিট দিয়ে লগআউট করে প্যানেল থেকে বের হয়ে আসবেন। প্রধান পরীক্ষকবৃন্দ প্রয়োজ্য ক্ষেত্রে বিল যাচাই, সংযোজন ও বিয়োজন করতে পারবেন। দ্রুত সময়ের মধ্যে bill submit করার জন্য অনুরোধ করা হলো। আপনাদের জ্ঞাতার্থে ও কার্যার্থে নিম্নে কিছু তথ্যাদি দেয়া হলো।

- ### প্রধান পরীক্ষক হিসাবে আপনার নিজের মূল্যায়িত উত্তরপত্রই হবে আপনার উত্তরপত্র সংখ্যা। পরীক্ষকদের মূল্যায়িত উত্তরপত্রের ১২% আপনার উত্তরপত্রের সাথে যোগ দিবেন না। এটি অটো ক্যালকুলেশন হয়ে আপনার উত্তরপত্রের সংখ্যার সাথে যোগ হবে।
- ### সোনালী ও রূপালী ব্যাংকের হিসাব হলে অবশ্যই ১৩ ডিজিট হবে এবং ব্যাংক ও শাখার নাম লিখতে হবে।
- ### রকেট হিসাব হলে অবশ্যই অবশ্যই ১২ ডিজিট হবে, কোন শাখার প্রয়োজন নেই।
- ### প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের আনুষঙ্গিক খাতে থোক বরাদ্দ দেয়া হবে। কোন ডাকস্লিপ বিবেচনায় নেয়ার প্রয়োজন নেই।
- ### প্রধান পরীক্ষক হিসেবে আপনার তালিকায় অপ্রাসঙ্গিক examiner id থাকলে তা delete করার প্রয়োজন নেই।
- ### প্রধান পরীক্ষকের আওতাধীন কোন পরীক্ষকের আইডি না পেলে দ্রুত নিম্নোক্ত মোবাইল নম্বর ৪ ০১৭১৬-৯৫০৬৯৭ এ SMS দিন (প্রধান পরীক্ষকের আট সংখ্যার আইডি, পরীক্ষকের চার সংখ্যার আইডি)। দ্রুত সময়ের মধ্যে আপনার প্যানেলে পরীক্ষক আইডি পেয়ে যাবেন।
- ### প্রধান পরীক্ষক হিসেবে আপনার (নিজ) মূল্যায়িত উত্তরপত্র ও আপনার আওতাধীন পরীক্ষকদের মূল্যায়িত উত্তরপত্রের সংখ্যার সাথে নিরীক্ষকদের নিরীক্ষিত উত্তরপত্রের সংখ্যা সমান হবে।
- ### প্রেরিত বিলের তথ্যাদি সম্পর্কে সম্পূর্ণ দায়-দায়িত্ব প্রধান পরীক্ষককে বহন করতে হবে।
- ### সম্মানিত প্রধান পরীক্ষকগণ বোর্ডে ওএমআর জমা দেয়ার ১৫ (পনেরো) দিনের মধ্যে on-line প্রক্রিয়ায় bill submit করবেন।

দ্রুত ও বিশ্বস্ততার মাধ্যমে সেবা প্রাপ্তির লক্ষ্যে এ বোর্ডের আওতাধীন এসএসসি-২০২২ পরীক্ষার সম্মানিত প্রধান পরীক্ষকদের সর্বাত্মক সহযোগিতা কামনা করছি।



মোঃ মাসুম হোসেন (১২.০৯.২২)  
২১তম বিসিএস (সাধারণ শিক্ষা)  
সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান)  
হিসাবরক্ষণ কর্মকর্তা (প্রায়গে)  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল।

ফোন : ০২৪৭৮৮৬২৭৫৬

মোবাইল : ০১৭১৬-৯৫০৬৯